অসুস্থ হয়ে হাসপাতালে শ্রমমন্ত্রী আরিফুল হক চৌধুরী



শ্রমমন্ত্রী আরিফুল হক চৌধুরী। ছবি: সংগৃহীত

সিলেটের কোম্পানীগঞ্জে ভোলাগঞ্জ স্থলবন্দর পরিদর্শনের সময় অসুস্থ হয়ে পড়েছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। পরে তাঁকে সিলেট নগরীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শুক্রবার (৬ নভেম্বর) দুপুরে অসুস্থ বোধ করলে প্রথমে তাঁকে কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর উন্নত চিকিৎসার জন্য আখালিয়া এলাকার মাউন্ট এডোরা হাসপাতালে স্থানান্তর করা হয়।

দলীয় সূত্র জানায়, দুপুর সাড়ে ১২টার দিকে ভোলাগঞ্জ স্থলবন্দরে পরিদর্শনে যান মন্ত্রী। এ সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়লে সঙ্গে থাকা ব্যক্তিরা তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে যান।

LENS ASIA